

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৪৯৬

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৪. মন্দ চরিত্র সম্পর্কে ভীতি প্রদর্শন

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «لَا تَحَاسَدُوا وَلَا تَنَاجَشُوا, وَلَا تَبَاغَضُوا, وَلَا تَدَابَرُوا, وَلَا يَبِعْ بَعْضُكُمْ عَلَى بَيْعِ بَعْضٍ, وَكُونُوا عِبَادَ اللَّهِ إِخْوَانًا, الْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ, لَا يَظْلِمُهُ, وَلَا يَحْذُلُهُ, وَلَا يَحْقِرُهُ, التَّقْوَى هَا هُنَا, _ وَيُشِيرُ إِلَى صَدْرِهِ أَخُو الْمُسْلِمِ, لَا يَظْلِمُهُ, وَلَا يَحْقِرُهُ, التَّقْوَى هَا هُنَا, _ وَيُشِيرُ إِلَى صَدْرِهِ ثَلَاثَ مِرَارٍ, _ بِحَسْبِ امْرِئٍ مِنَ الشَّرِّ أَنْ يَحْقِرَ أَخَاهُ الْمُسْلِمَ, كُلُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ حَرَامٌ, دَمُهُ, وَمَالُهُ, وَعِرْضُهُ». أَخْرَجَهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (2564)

বাংলা

১৪৯৬। আবৃ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তোমরা একে অপরের প্রতি হিংসা করো না, (ক্রয় করার ভান করে) মূল্য বৃদ্ধি করে ধোঁকা দিও না। একে অপরের প্রতি বিদ্বেষ পোষণ করবে না। একে অপরকে পৃষ্ঠ প্রদর্শন (অবজ্ঞা প্রকাশ) করবে না। তোমাদের একজনের সাওদা করা শেষ না হলে ঐ বস্তুর সাওদা বা কেনা-বেচার প্রস্তাব করবে না। হে আল্লাহর বান্দাগণ! তোমরা পরস্পর ভাই-ভাই হয়ে যাও। মুসলিম মুসলিমদের ভাই। সে তার উপর অত্যাচার করবে না, অসম্মান করবে না, তুচ্ছ ভাববে না। 'ধর্ম ভীরুতা এখানে'- এটা বলার সময় তিনি স্বীয় বক্ষস্থলের প্রতি তিনবার ইঙ্গিত করেছিলেন। কোন মুসলিম ভাইকে তুচ্ছ জ্ঞান করাটা মন্দ ব্যবহারের জন্য যথেষ্ট (অর্থাৎ এরূপ তুচ্ছ জ্ঞান প্রদর্শন দ্বারা পাপ কার্য হওয়া সুনিশ্চিত) এক মুসলিম অন্য মুসলিমকে খুন করা, তার মাল গ্রাস করা ও সম্মানে আঘাত দেয়া হারাম।[1]

English



Abu Hurairah [RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:

"Avoid jealousy between yourselves, do not outbid one another (with a view to raising the price), do not harbor hatred against one another, do not bear enmity against one another, one of you should not enter into a transaction when the other has already entered into it; and be fellow brothers and slaves of Allah. A Muslim is a Muslim's brother. He does not wrong, desert or despise him. Piety is found here (pointing three times to his chest), despising his Muslim brother is enough evil for any man to do. Every Muslim's blood, property and honor are unlawful to be violated by another Muslim." Related by Muslim.

ফুটনোট

[1] বুখারী ৫১৪৪, ৬০৬৬, ২৫৬৩, ২৫৬৪; মুসলিম ২৫৬৩, ২৫৬৪ তিরমিয়ী ১১৩৪, ১৯৮৮, নাসায়ী ৩২৩৯, ৪৪৯৬, আবূ দাউদ ৩৪৩৮, ৩৪,৪৩, ইবনু মাজাহ ১৮৬৭, ২১৭২,২১৭৪, আহমাদ ৭৬৭০, ৭৮১৫, মালেক ১৩৯১, ১৬৮৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন